দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 9 AUGUST 2025 , SATURDAY | ৯ আগস্ট ২০২৫ , শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-358


## শিলিগুড়ি পৌর নিগমের বিয়াল্লিশ নম্বর ওয়ার্ডে দুটি পেভার ব্লক রাস্তার কাজের সুচনা করলেন মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৮ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের বিয়াল্লিশ নম্বর ওয়ার্ডে দুটি পেভার ব্লক রাস্তার কাজের সুচনা করলেন মেয়র গৌতম দেব। শুক্রবার দুটি রাস্তার কাজের সূচনা করে মেয়র জানান রাস্তা দূটি নির্মানে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর মোট দুই কোটি সাতাশ লক্ষ ঊনসত্তর হাজার পাঁচশো টাকা অর্থ বরাদ্দ করেছে। রাস্তা দুটি নির্মানের জন্য দীর্ঘদিন ধরে বাসিন্দারা দাবি জানিয়ে আসছিলেন। বাসিন্দাদের দাবিকে মান্যতা দিয়ে রাস্তা দুটির কাজ শুরু করা হলো।

## হেপাটাইটিস বি আক্রান্তের সংখ্যা বাড়ছে আলিপুরদুয়ারে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : হেপাটাইটিস বি রক্তের মাধ্যমে ছড়ায় এমনটাই বলছেন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে সুপার শুক্রবার বিকেল সাড়ে ছটা নাগাদ। হেপাটাইটিস বি অধিকাংশ মানুষের আছে আর সেটা পরীক্ষা করার পরেই জানা যায়। হেপাটাইটিস বি আক্রান্ত রোগীর সংখ্যা দিনের পর দিন বেড়েই চলছে। হেপাটাইটিস বি পরীক্ষা বাড়ানো হচ্ছে সরকারিভাবে এবং সম্পূর্ণ বিনামূল্যে। একই সিরিঞ্জ ব্যবহার করছে একাধিক ব্যক্তি আর এর ফলেই হেপাটাইটিস বি ছড়াচ্ছে নেশাগ্রস্ত ব্যক্তিদের মধ্যে। হেপাটাইটিস বি আক্রান্ত রোগীর সংখ্যা কমাতে হলে নেশা দূরীকরণ করতে হবে।

## কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা কুমারগ্রামের বিধায়কের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : কেন্দ্রীয় সড়ক পরিবহন এবং মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করির কাছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভা এলাকার বহুল প্রতীক্ষিত ও দীর্ঘস্থায়ী সড়ক পরিকাঠামো উন্নয়নের দাবি জানালেন এমনটাই জানিয়েছেন বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। দিল্লিতে মন্ত্রীর সঙ্গে দেখা করে তিনি এই দাবি জানিয়েছেন গত বৃহস্পতিবার। আলিপুরদুয়ার জেলার তিনটি রাস্তা সম্প্রসারণের দাবি জানিয়েছেন তিনি। ৩১ সি জাতীয় সড়কের চেপানী চৌপথী থেকে ভুটান সীমান্তের ময়নাবাড়ী পর্যন্ত ২৫ কিলোমিটার দীর্ঘ রাস্তা নির্মাণের দাবি জানিয়েছেন। বারবিশা থেকে কালিখোলা এবং রায়ডাক ওভারব্রিজ থেকে অরডাঙ্গা পর্যন্ত ২৫ কিলোমিটার রাস্তা নির্মাণ করার দাবি জানিয়েছেন। কুমারগ্রাম বিধানসভার ৭৫ কিলোমিটার রাস্তা তৈরি হলে এলাকার অর্থনৈতিক অবস্থা অনেকটাই বদলে যাবে। তিনি জানিয়েছেন রাজ্য সরকার এই সমস্যার সমাধানে কোনরকম উদ্যোগ নিচ্ছেন না। তাই তিনি কেন্দ্রীয় মন্ত্রীকে বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য দাবী জানিয়েছেন। কেন্দ্রীয় মন্ত্রী গুরুত্ব সহকারে দাবিগুলি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন।

## উদ্ধার হেরোইন,গ্রেপ্তার দুই মহিলা সহ এক পুরুষ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৮ আগস্ট :মুর্শিদাবাদ জেলা পুলিশের লালগোলা থানার পুলিশ গোপিন সূত্রে খবর পায় যে থানা এলাকার একটি বাড়িতে হেরোইন মজুত রেখে কারবার চলছে। খবর পেয়ে পুলিশ শুক্রবার দুপুরে নির্দিষ্ট বাড়িটিতে অভিযান চালায় অভিযানে বাড়ির একটি ঘর থেকে উদ্ধার হয় তিনশ ছাব্বিশ গ্রাম হেরোইন। গ্রেপ্তার করা হয় দুই মহিলা সহ এক পুরুষ কে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে ও তাদের আদালতে পেশ করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে মাদক হেরোইন উদ্ধার ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে।

# বিশ্ব আদিবাসী দিবস পালিত হলো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : বিশ্ব আদিবাসী দিবস উদযাপিত হল সরকারিভাবে আলিপুরদুয়ার দুই ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের সিধু কানু কলেজ মাঠে এমনটাই জানা গেছে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ। প্রশাসনিক কর্তা সহ আদিবাসী সম্প্রদায়ের বিশিষ্টজনদের উপস্থিতিতে আদিবাসী উৎসবের সূচনা হয়েছে। উৎসব চলবে অধিক রাত পর্যন্ত সিধু কানু কলেজ মাঠে। আদিবাসী উৎসব উপলক্ষে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের ভিড় উপচে পড়ছে কলেজ মাঠে। আলিপুরদুয়ার ২ ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের প্রধান আজেন মিনজ জানিয়েছেন আদিবাসী সম্প্রদায়ের মানুষদের কৃষ্টি কালচার তুলে ধরা হয়েছে এই উৎসবে।

# হাতের স্পর্শেই রাখি তৈরি করছে দৃষ্টিহীন ছাত্ররা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : জন্মান্ধ হয়েও রাখি বানাচ্ছে ছাত্র । চোখের দৃষ্টি নেই। তাতে কি ! হাতের স্পর্শেই চোখ ধাঁধানো রাখি তৈরি করছে আলিপুরদুয়ার জেলার সুবোধ সেন স্মৃতি দৃষ্টিহীন বিদ্যালয়ের ছাত্ররা। রাখি বন্ধন উৎসবে শুধু তারা রাখি পড়েন তা নয় তাদের হাতে তৈরি রাখে অন্য কেউ পড়িয়ে দেন এই ছাত্ররা। সম্প্রীতি ও ভাতৃত্বের রাখি উৎসব অন্য মাত্রা পাবে দৃষ্টিহীন ছাত্রদের হাতে তৈরি রাখিতে। নানা রকমের রাখি তৈরি করছে তারা। পদ্মকলি রাখি, সাবেকি রাখি, ফুল রাখি ও কদম রাখি তৈরি হচ্ছে তাদের হাতেই। কি জাদু আছে তাদের হাতে ? কী করে সম্ভব হচ্ছে? এই বিদ্যালয়ের গানের শিক্ষক বিভাস বন্দ্যোপাধ্যায় জানালেন দুচোখে ওদের আলো নেই। ওঁরা চোখে দেখতে পায় না। তাতে কি! ত্রিনয়ন অর্থাৎ জ্ঞানের আলো জ্বালিয়ে দিতে পারলে ওরাও সব পারে। হাতের স্পর্শেই কোনটা ফুল কোনটা সুতো কোনটা পাপড়ি সব চেনে ওরা। সেগুলো আঠা দিয়ে জুড়ে সুতোর সেলাই দিয়ে নিখুত হাতে ফুটে উঠছে সব রাখি। এই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সুবল রায় বলেন, " প্রতি বছর বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ও বিশিষ্ট মানুষেরা এই দৃষ্টিহীন বিদ্যালয়ে রাখি পড়াতে আসেন। তখন দৃষ্টিহীন ছাত্ররাও রাখি পড়ান। কিন্তু সম্প্রীতি ও ভাতৃত্ব বোধের এই অনুষ্ঠান অন্য মাত্রা দেবে দৃষ্টিহীন ছাত্রদের নিজে হাতে তৈরি রাখি। সেই লক্ষেই ছাত্রদের দিয়ে নিজে হাতে রাখি তৈরি করানোর উদ্যোগ। তবে ছাত্রদের প্রচন্ড উৎসাহ প্রদান করা হয় শিক্ষকদের পক্ষ থেকে।

# বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু এক ব্যক্তির




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : বিদ্যুতের কাজ করতে গিয়ে প্রাণ হারালেন এক ব্যক্তি। ঘটনায় জয়গাঁ এলাকায় চাঞ্চল্য ছড়ালো। মৃতের নাম জাহারুল হক। তিনি ঝর্ণাবস্তী এলাকার বাসিন্দা ছিলেন। এদিন সকালে জয়গাঁ শহরের লিঙ্ক রোডে বিদ্যুতের কাজ করছিলেন তিনি। কাজে কিছু সমস্যা দেখা দেওয়ার কারণে তিনি ট্রান্সফারমারের কাছে চলে যান। এমনিতে বৃষ্টি তার উপর ট্রান্সফারমারের কাছে চলে গিয়ে তিনি বিদ্যুতের শক খেয়ে মাটিতে পড়ে যান। সেখান থেকে তাকে উদ্ধার করে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে তাকে মৃত বলে ঘোষণা করে চিকিৎসকরা।

# ফালাকাটায় দুর্ঘটনায় মৃত চালক




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৮ আগস্ট : শুক্রবার ভোর আড়াইটার দিকে ধুপগুড়ি ফালাকাটা মহা সড়কের গুয়াবার নগর গ্রাম পঞ্চায়েতের বগরিবাড়ির কাছে একটি আলো বুঝাই পিকআপ রাস্তার পাশের গাছে ধাক্কা মেরে নয়নজুলিতে পড়ে যায়। প্রচন্ড সংঘর্ষে গাড়িটি গুমড়ে মুচকে যায় এবং গাড়ির ভিতর আটকে থাকে গাড়ির চালক। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে নিহত ব্যক্তির নাম মদন শীল । তার বয়স ৪০ বছর ফালাকাটা ২ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত রায়চেঙ্গা গরম চা এলাকার বাসিন্দা তিনি। যদিও দুর্ঘটনার খবর পাওয়ার পর প্রায় তিন ঘন্টার প্রচেষ্টায় মৃত চালককে উদ্ধার করে পুলিশ এবং দমকল বিভাগের কর্মীরা। চালকের মৃত্যুতে চাঞ্চল্য ছড়ায় এলাকায়।

# রাখী উপলক্ষ্যে কুশিয়ারবাড়ি হলেশ্বর উচ্চ বিদ্যালয়ের হকি খেলায় দক্ষ পড়ুয়াদের হকি সরঞ্জাম দিলেন পুলিশ সুপার




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৮ আগস্ট : শুক্রবার রাখী বন্ধনের দিনে কোচবিহার কুশিয়ারবাড়ি হলেশ্বর উচ্চ বিদ্যালয়ের পড়ুয়াদের মধ্যে হকি খেলায় দক্ষ পড়ুয়াদের হকি খেলার সরঞ্জাম দিলেন কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। জানা গেছে এদিন উলত স্কুলের পড়ুয়াদের একটি দল কোচবিহার পুলিশ সুপারের দপ্তরে এসে পুলিশ সুপার ও অন্যান্যদের রাখী পড়িয়ে দেয়। জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান তিনি খবর পেয়েছিলেন এই স্কুলের বেশ কিছু পড়ুয়া হকি খেলায় আগ্রহী ও দক্ষ। প্রয়োজনীয় সরঞ্জামের অভাবে তাদের অনুশীলন ব্যহত হচ্ছে। অনুশীলন যাতে ব্যহত না হয় সে লক্ষ্যেই এদিন তিনি রাখীর উপহার হিসাবে হকি খেলার সরঞ্জাম তুলে দেন পড়ুয়াদের হাতে। পড়ুয়ারা হকি খেলার সরঞ্জাম পেয়ে খুশী। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মীনা সহ অন্যান্য পুলিশ কর্মীরা।

# কিশোরীকে উত্ত্যক্ত করার অভিযোগে আটক যুবক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট: এক কিশোরীকে উত্ত্যক্ত করার অভিযোগে এক যুবককে আটক করা হয়েছে ভাটিবাড়ী এলাকায় এমনটাই জানা গেছে ভাটিবাড়ী পুলিশের কাছ থেকে শুক্রবার বিকেল ছটা নাগাদ। তবে যুবককে আটক করার পরেও কোন লিখিত অভিযোগ হয়নি কিশোরীর পরিবারের পক্ষ থেকে। পুলিশ সূত্রে জানা গেছে ওই কিশোরী শুক্রবার বিকেলে টিউশন পরে বাড়ি ফেরার পথে তার কিছু নেয় এক যুবক। এরপর এলাকার বাসিন্দারাই ওই যুবককে আটক করে পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে জানিয়েছেন ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার।

# তৃণমূল নেতার মৃত্যু নিয়ে রহস্য, ময়নাতদন্ত হলো মৃতদেহ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ আগস্ট : মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতের তৃণমূল নেতার মৃত্যুর পর মৃতদেহের ময়নাতদন্ত করা হলো আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে এমনটাই জানা গেছে হাসপাতাল সূত্রে শুক্রবার বিকেল চারটে নাগাদ। ময়নাতদন্তের পর মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মাঝেরডাবরি গ্রাম পঞ্চায়েতের বিষ্ণু রায় গত কয়েক মাস আগে ব্রাউন সুগার পাচারে গ্রেফতার হওয়ার পরেই তাকে দল থেকে বহিষ্কার করা হয়েছিল। যদিও তার স্ত্রী বর্তমানে গ্রাম পঞ্চায়েত এলাকার পঞ্চায়েত সদস্যা রয়েছেন। তার বাড়িতে তৃণমূলের দলীয় কার্যালয় রয়েছে। বৃহস্পতিবার গভীর রাতে তিনি অসুস্থ বোধ করলে তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাবার পথে তার মৃত্যু হয় এমনটাই জানা গেছে হাসপাতাল সূত্রে। এরপরেই মৃতদেহ ময়নাতদন্তের জন্য জেলা হাসপাতালের মর্গে রাখা হয়েছিল। শুক্রবার ময়না তদন্ত শেষে তার মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দেওয়া হয়। তবে কি কারণে তার মৃত্যু হয়েছে ময়নাতদন্তের রিপোর্ট আসার পরেই জানা যাবে। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েত এলাকায়।

# বিহার থেকে চোরাই গাড়ি নিয়ে আসার পথে গাড়ি সহ গ্রেপ্তার চালক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৮ আগস্ট :নিউ জলপাইগুড়ি থানার পুলিশ শুক্রবার ভোরে ফুলবাড়িতে একটি চোরাই গাড়ি সহ চালককে গ্রেপ্তার করে। জানা গেছে পুলিশ গোপন সুত্রে খবর পায় বিহার থেকে একটি চোরাই গাড়ি বিক্রির উদ্দ্যেশ্যে এ রাজ্যে নিয়ে আসা হচ্ছে। খবর পেয়েই নিউ জলপাইগুড়ি থানার সাদা পোষাকের পুলিশ শুক্রবার ভোরে ফুলবাড়িতে নাকা চেকিং শুরু করে। নির্দিষ্ট গাড়িটি ফুলবাড়ির নাকা পয়েণ্টে এসে পৌঁছাতেই পুলিশ গাড়িটি আটক করে। গাড়ির চালক গাড়ির কোনো বৈধ কাগজপত্র দেখাতে না পারায় পুলিশ চালককে গ্রেপ্তার করে। ধৃত চালকের নাম লক্ষন যাদব, বিহারের বাসিন্দা। পুলিশের জিজ্ঞাসাবাদে ধৃত চালক জানায় বিহার থেকে গাড়িটি চুরি করে জলপাইগুড়িতে বিক্রির জন্য নিয়ে আসা হচ্ছিলো। পুলিশ ধৃত চালককে শুক্রবার জলপাইগুড়ি জেলা আদালতে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE”,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |